ডায়েরী নং ২৪৬ তারিখঃ ২৫/৩/২২
উপ-পরিচালক (অর্থ/অপাঃ/প্রোগ্রাঃ/মেঃ ইঃ)
সহঃ পরিচালক (অপাঃ/সিঃ কঃ ১/২/৩/ই: এ: কঃ)
সহঃ প্রোগ্রাঃ/ সহঃ মেঃ ইঃ ১/২/৩/
ব্যক্তিগত সহকারী
পরিচালক (অপারেশন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
এনফোর্সমেন্ট শাখা
www.brta.gov.bd

২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ৩য় প্রান্তিকের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ নুর মোহাম্মদ মজুমদার
চেয়ারম্যান, বিআরটিএ।
সভার তারিখ ঃ ০৩.০৩.২০২১খ্রিঃ
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা
সভার স্থান ঃ বিআরটিএ-র সম্মেলন কক্ষ, ঢাকা।
উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরিচালক (এনফোর্সমেন্ট) ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি উপস্থিত সদস্যদের আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | সভায় সদস্য সচিব জানান যে, প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির সভা করার বাধ্যবাধকতা রহিয়াছে এবং সভার সিদ্ধান্তের ৮০% সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ ৩১/০৩/২০২১খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | পরিচালক (সকল) |
| ২. | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা। | সভাপতি জানান যে, আগামী ১৪ মার্চ ২০২১ তারিখের মধ্যে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে। | আগামী ১৪ মার্চ ২০২১ তারিখে সভাটি আয়োজন করতে হবে। | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| ৩. | স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করণ। | পরিচালক (প্রশাসন) জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ৫টি জবাবদিহিমূলক উপকরণসহ {সেবা প্রদান প্রতিশ্রুতি (CC), জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), তথ্য অধিকার (RTI), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)} জাতির পিতার জন্মশত বার্ষিকী উপলক্ষে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনসহ ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। অনলাইনে ফিটনেস এপয়েন্টমেন্ট, জাতীয় নিরাপত্তা কাউন্সিলের সভা, সেবা সপ্তাহ ইত্যাদি তথ্যগুলো আপলোড করতে হবে। | ৫টি জবাবদিহিমূলক উপকরণসহ জাতির পিতার জন্মশত বার্ষিকী উপলক্ষে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনসহ ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। অনলাইনে ফিটনেস এপয়েন্টমেন্ট, জাতীয় নিরাপত্তা কাউন্সিলের সভা, সেবা সপ্তাহ ইত্যাদি তথ্যগুলো ওয়েবসাইটে আপলোড/ হালনাগাদ করতে হবে। এ ব্যাপারে ১৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখে জারিকৃত অফিস আদেশ অনুসরণ করে সংশ্লিষ্ট সকলে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন। পরিচালকগণ ও প্রোগ্রামার বিষয়টি সমন্বয় ও নিশ্চিত করবেন। | পরিচালক (সকল)/সচিব প্রোগ্রামার |
| ৪. | স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগদ করণ। | প্রোগ্রামার জানান, নিয়মিত তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ করা হচ্ছে। | তথ্য অধিকার সেবা বক্স নিয়মিত হালনাগাদ করতে হবে। | প্রোগ্রামার |
| ৫. | স্ব স্ব ওয়েবসাইট অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদ করণ। | প্রোগ্রামার জানান, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। সভাপতি জানান, নিষ্পত্তিকৃত ও অনিষ্পন্ন সকল অভিযোগের তথ্যাদিসহ সভায় উপস্থিত হতে হবে। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবা বক্স নিয়মিত হালনাগাদ করতে হবে। অভিযোগের তথ্যাদিসহ পরবর্তী সভায় উপস্থাপিত করতে হবে। | প্রোগ্রামার |

| | | | | |
|---|---|---|---|---|
| | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২০২১ অর্থ বছরের সংশোধিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | সভাপতি জানান, ২০২০-২০২১ অর্থ বছরের সংশোধিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। সংশোধনী না থাকলেও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | আগামী ৩১/০৩/২০২১খ্রিঃ তারিখের মধ্যে ক্রয়-পরিকল্পনার তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে। সংশ্লিষ্ট পরিচালকগণ স্ব স্ব শাখার ক্রয় পরিকল্পনা প্রোগ্রামারকে প্রেরণ করবেন। প্রোগ্রামার ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করবেন। | পরিচালক (সকল) প্রোগ্রামার |
| ৭. | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন পরিবীক্ষণ মূল্যয়ণ<br>ক) মোটরযান রেজিস্ট্রেশন<br>খ) মোটরযানের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন<br>গ) ইন্সট্রাক্টর লাইসেন্স ইস্যু | উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, সিটিজেন চার্টার অনুযায়ী সেবা দেয়া হচ্ছে কিনা এজন্য একটি পরিবীক্ষণ কমিটি গঠন করা প্রয়োজন। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ মূল্যয়নের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হয়ঃ<br>১।উপপরিচালক (এনফোর্সমেন্ট)<br>২। উপপরিচালক (প্রশাসন)<br>৩। উপপরিচালক (ইঞ্জিঃ-১)<br>কমিটি সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন পরিবীক্ষন মূল্যায়ন করবে। | পরিচালক (প্রশাসন) |
| ৮. | শাখা অধিশাখা ও অধীনস্থ অফিস পরিদর্শন | সভাপতি মহোদয় স্ব স্ব শাখাসহ ঢাকা ও ঢাকার আশে পাশে সার্কেল অফিসগুলো পরিদর্শনের উপর গুরুত্বারোপ করেন। | আগামী ৩১/০৩/২০২১খ্রিঃ তারিখের তারিখের মধ্যে শাখা ও অধীনস্থ অফিস পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন এর অনুলিপি এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (সকল)/সচিব |
| ৯. | শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিসের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন করতে হবে। | পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের অগ্রগতির অনুলিপি এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (সকল)/সচিব |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নুর মোহাম্মদ মজুমদার)
চেয়ারম্যান
ফোনঃ ৫৫০৪০৭১১

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০২.৫০.০০৮.১৯- ১২৪

তারিখ ঃ ৯-০৩-২০২১ খ্রিঃ।

**বিতরণঃ**

১। পরিচালক (প্রশাসন/এনফোর্সমেন্ট/ইঞ্জিঃ/অপাঃ/রোড সেফটি/প্রশিক্ষণ)/সচিব, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
২। প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।

**অনুলিপিঃ**

১। সচিব এর একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা। (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহ)

(মোহাম্মদ আব্দুর রাজ্জাক)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোনঃ ৫৮১৫৪৭০২২

C:\Users\Hp\Box\Marnuj\শুদ্ধাচার সংক্রান্ত সকল পত্র ও রেজুলেশন\শুদ্ধাচার ২০১৯-২০২০ রেজুলেশন.doc